ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১২২৭
আগরতলা, ১৩ সেপ্টেম্বর, ২০২৪

**সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ দপ্তরের সচিব**
**জনজাতিদের আর্থসামাজিক মানোন্নয়নে ত্রিপুরা রুরাল ইকোনোমিক গ্রোথ অ্যান্ড সার্ভিস ডেলিভারি প্রজেক্ট রূপায়িত হচ্ছে**

জনজাতিদের জীবনজীবিকা ও আর্থসামাজিক মানোন্নয়নে রাজ্যে জনজাতি কল্যাণ দপ্তরের উদ্যোগে বিশ্ব ব্যাঙ্কের সহায়তায় ত্রিপুরা রুরাল ইকোনোমিক গ্রোথ অ্যান্ড সার্ভিস ডেলিভারি প্রজেক্ট (TRESP) রূপায়িত হচ্ছে। রাজ্যের ৮টি জেলার ২৩টি জনজাতি অধ্যুষিত ব্লকে এই প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। ২৩টি ব্লকের মধ্যে ১২টি অ্যাসপিরেশনাল ব্লক রয়েছে। এই প্রকল্প আগামী ৬ বছর চলবে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে এই প্রকল্পের বিস্তারিত তথ্য তুলে ধরে এ সংবাদ জানান। তিনি জানান, গত ২০ মার্চ, ২০২৪ থেকে এই প্রকল্প চালু হয়েছে। ত্রিপুরা সরকার, ভারত সরকার এবং বিশ্ব ব্যাঙ্কের যৌথ সহযোগিতায় এই প্রকল্প রূপায়িত হবে। এই প্রকল্পে মোট ব্যয় হবে ১,৪০০ কোটি টাকা। এরমধ্যে বিশ্ব ব্যাঙ্ক ৮০ শতাংশ এবং রাজ্য সরকার ২০ শতাংশ খরচ বহন করবে।

সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ২৩টি জনজাতি অধ্যুষিত ব্লকের মধ্যে রয়েছে রূপাইছড়ি, শিলাছড়ি, করবুক, অম্পি, কিল্লা, জম্পুইজলা, বেলবাড়ি, মান্দাই, লেফুঙ্গা, হেজামারা, মুঙ্গিয়াকামি, তুলাশিখর, পদ্মবিল, রইস্যাবাড়ি, ডুম্বুরনগর, গঙ্গানগর, ছামনু, দশদা, লালজুরি, দামছড়া, জম্পুইহিল, মনু, পেঁচারথল। সচিব জানান, রাজ্য সরকারের জনজাতি কল্যাণ দপ্তর, পূর্ত দপ্তর (আর অ্যান্ড বি), শিক্ষা (সেকেন্ডারি), প্রাণীসম্পদ বিকাশ দপ্তর, তথ্য ও প্রযুক্তি, মৎস্য, কৃষি এবং গ্রামীণ জীবিকা মিশন সমন্বয়ে এই প্রকল্প রূপায়িত হবে। এছাড়াও দুটি সহকারি সংস্থা রয়েছে। জনজাতি কল্যাণ দপ্তর এই প্রকল্প রূপায়ণে নোডাল দপ্তর হিসাবে কাজ করবে। এই প্রকল্প মূলত তিনটি বিষয়ের উপর অগ্রাধিকার দিয়েছে। এই তিনটি বিষয়ের মধ্যে রয়েছে জনজাতিদের জীবনজীবিকার মানোন্নয়ন। এই খাতে ব্যয় হবে ৩৫০ কোটি ৪৯ লক্ষ টাকা। জনজাতি অধ্যুষিত এলাকায় গুণগত শিক্ষার নিশ্চিতকরণ। এরজন্য ব্যয় হবে ৩৪৮ কোটি ৮৪ লক্ষ টাকা। জনজাতি অধ্যুষিত এলাকার রাস্তাঘাটের উন্নয়ন, এজন্য ব্যয় হবে ৫০০.০৪ কোটি টাকা। এছাড়াও প্রজেক্ট ম্যানেজমেন্ট, প্রশিক্ষণ, দক্ষতা বৃদ্ধি, পরিষেবা প্রদান ইত্যাদি বাবদ ২০০.৬৩ কোটি টাকা ব্যয় করা হবে।

সাংবাদিক সম্মেলনে জনজাতি কল্যাণ দপ্তরের অধিকর্তা শুভাশিস দাস ত্রিপুরা রুরাল ইকোনোমিক গ্রোথ অ্যান্ড সার্ভিস ডেলিভারি প্রজেক্ট (TRESP) বর্তমান অবস্থা, অগ্রগতি সহ বিস্তারিত তথ্য তুলে ধরেন। এছাড়াও সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ দপ্তরের যুগ্ম অধিকর্তা ভি ডার্লং।

*****